

জেএসসি ও জেডিসি - দ্বিতীয় দিনে পরীক্ষায় অনুপস্থিত ৪৬ হাজার ৩৪০

নিম্নের বার্তা পরিবেশক

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি)
ও জুনিয়র দাবুল সার্টিফিকেট
(জেডিসি) পরীক্ষার দ্বিতীয় দিন
শান্তিপূর্ণভাবে অতিবাহিত করেছে
অষ্টম শ্রেণীর শিক্ষার্থীরা। গতকাল
আটটি সাধারণ শিক্ষা বোর্ডের
জেএসসিতে ছিল বাংলা দ্বিতীয় পত্র
এবং মাদ্রাসা বোর্ডের অধীনে
জেডিসিতে ছিল আরবি প্রথম পত্রের
পরীক্ষা।

গতকালও পরীক্ষার জন্য ফরম পূরণ
করে কেন্দ্রে অনুপস্থিত ছিল ৪৬
হাজার ৩৪০ জন পরীক্ষার্থী। বহিষ্কৃত
হয়েছে পাঁচ শিক্ষকসহ ৩০ জন।
বহিষ্কৃত পাঁচ শিক্ষকই যশোর শিক্ষা
বোর্ডের। এর আগে প্রথম দিন
অনুপস্থিত ছিল ৬৮ হাজার ১৫৫ জন
পরীক্ষার্থী। আজ জেএসসিতে

ইংরেজি প্রথম পত্র এবং জেডিসিতে
অনুষ্ঠিত হবে আরবি দ্বিতীয় পত্রের
পরীক্ষা। প্রসঙ্গত, রোববার ১৮
লক্ষাধিক শিশুর অংশগ্রহণে দেশব্যাপী
৩য় পরীক্ষার পূর্বা : ২ ক : ৬

পরীক্ষায় : অনুপস্থিত

(১৬ পৃষ্ঠার পর)

হয় অষ্টম শ্রেণীর তৃতীয় এই সমাপনী
পরীক্ষা। আটটি সাধারণ ও একটি
মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দুই হাজার
২৫০টি কেন্দ্রে এ পরীক্ষার জন্য ফরম
পূরণ করেছিল ১৯ লাখ আট হাজার
৩৬৫ জন। এবারই প্রথমবারের মতো
জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে দেশের
প্রথম প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায়
গণিত শিক্ষার্থীরা।

জেএসসি ও জেডিসির দ্বিতীয় পরীক্ষা
শেষ রাতে শিক্ষা মন্ত্রণালয় এবং ঢাকা
শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কর্তৃক থেকে
জানা গেছে, অনুপস্থিত, পরীক্ষার্থীদের
মধ্যে সবচেয়ে বেশি মাদ্রাসা বোর্ডের
আট হাজার ৬৩৪ এবং জেএসসির ৩৭
হাজার ৭০৬ জন। এরমধ্যে ঢাকা শিক্ষা
বোর্ডের ১৪ হাজার ৫৯২, চট্টগ্রামের তিন
হাজার ৫৩৯, রাজশাহীর চার হাজার
৩৬১, বরিশালের দুই হাজার ৬৮৩,
সিলেটের এক হাজার ১৩১, দিনাজপুরের
তিন হাজার ৩০৯, কুমিল্লার দুই হাজার
১৯২ এবং যশোর বোর্ডের পাঁচ হাজার
৮৬৯ জন। আর বহিষ্কৃত শিক্ষার্থীদের
মধ্যে ২৪ জন মাদ্রাসা বোর্ডে এবং
একজন ঢাকা বোর্ডে।